

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
মেট্রোরেল ভবন
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল লাইনের সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করা হয়েছে।

MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

উত্তরা উত্তর হতে কমলাপুর পর্যন্ত ২১.২৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-6 এর নির্মাণ কাজ লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। ৩১ শে জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত উত্তরা উত্তর হতে মতিঝিল পর্যন্ত অংশের বাস্তব গড় অগ্রগতি ৯৯.৩৭%। মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত অংশের পূর্ত কাজের অগ্রগতি ৬০.৪৩%।

প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩১ শে জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এই প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়ে গত ২০ জুন ২০২২ তারিখ শেষ হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়ে গত ৩০ নভেম্বর ২০২২ তারিখ শেষ হয়েছে। এই প্যাকেজ দুইটির পূর্ত কাজের সমন্বিত বাস্তব অগ্রগতি ১০০%।

মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার ভায়াডাক্ট ও ১টি স্টেশন নির্মাণ: MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার কাজ পুরোদমে এগিয়ে চলছে। জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত মোট ১৭৭ টি পাইলের মধ্যে সকল পাইল, ৬১টি পাইলক্যাপের মধ্যে ৫৯টি পাইলক্যাপ, ৩৯টি পিয়ারের মধ্যে ৩৭টি পিয়ার এবং ৩০ টি স্টেশন কলামের মধ্যে সকল স্টেশন কলাম নির্মাণ সম্পন্ন হয়েছে। উত্তরা কম্প্রাকশন ইয়ার্ডে ২৯৮টি প্রিকাস্ট সেগমেন্টের মধ্যে শতভাগ প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং সম্পন্ন হয়েছে। মোট ২৭টি স্প্যান এর মধ্যে ১৭টি স্প্যান উত্তোলন সম্পন্ন হয়েছে। মোট ১৮০ মিটার দৈর্ঘ্যের কনকোর্স ছাদের মধ্যে ১৮০ মিটার, ১৮০ মিটার ট্র্যাক স্ল্যাব এর মধ্যে ১৮০ মিটার ট্র্যাক স্ল্যাব এবং ১৮০ মিটার প্ল্যাটফর্ম স্ল্যাবের মধ্যে ১৮০ মিটার প্ল্যাটফর্ম স্ল্যাব ঢালাই সম্পন্ন হয়েছে। এছাড়া ৮২৪টি প্রিকাস্ট প্যারাপেট ওয়াল এর মধ্যে সকল প্রিকাস্ট প্যারাপেট ওয়াল তৈরি সম্পন্ন হয়েছে। এই পর্যন্ত কাজের সার্বিক অগ্রগতি ৬০.৪৩%।

- **প্যাকেজ-০৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়ে গত ৩০ জুন ২০২৪ তারিখ সমাপ্ত হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়ে গত ৩০ জুন ২০২৪ তারিখ সমাপ্ত হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ১০০%।

- **প্যাকেজ-০৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৯৯.৩১%।
- **প্যাকেজ-০৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। ট্রেন ও স্থাপনার রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় ডিপো ইকুইপমেন্ট উত্তরা ডিপোতে সরবরাহ ও স্থাপনের কাজ চলমান আছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ৯৮.০৫%।

MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

বিমানবন্দর থেকে কমলাপুর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল মেট্রোরেল লাইন ও ১২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট বিমানবন্দর রুট এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মেট্রোরেল লাইন এবং ৭টি উড়াল ও ২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট পূর্বাচল রুট সমন্বয়ে মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ **MRT Line-1** এর নির্মাণ কাজ গত ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ শুরু করা হয়েছে। **MRT Line-1** এর নির্মাণ কাজ মোট ১২টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। **বিমানবন্দর রুটেই বাংলাদেশের প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হচ্ছে।**

প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:

Dhaka Mass Rapid Transit Development Project (Line-1) মোট ১২টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩১ জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- কন্ট্রাক্ট প্যাকেজ **CP-01** এর আওতায় নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ মৌজায় ৩৫.৯০ হেক্টর বা ৮৮.৭১ একর ভূমিতে **MRT Line-1** এর ডিপোর ভূমি উন্নয়নের জন্য গত ০১ মার্চ ২০২৩ তারিখ থেকে ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। ৩১ জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৯৪.৫% ও বাস্তব অগ্রগতি ৯৯%।
- কন্ট্রাক্ট প্যাকেজ **CP-02** এর প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। গত ২১ মে ২০২৫ তারিখে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন ও খসড়া চুক্তিপত্রের উপর জাইকা হতে অনাপত্তি পাওয়া গেছে। বর্তমানে ক্রয় প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াধীন আছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ **CP-03** এর দরপত্র গত ২৫ মার্চ ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। কোন প্রি-কোয়ালিফাইড বিডার দরপত্র দাখিল না করার প্রেক্ষিতে পুনঃদরপত্র আহ্বান প্রক্রিয়া চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ **CP-04** এর দরপত্রের আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদনের উপর গত ২১ জুলাই ২০২৫ তারিখ জাইকা হতে **concurrency** পাওয়া গেছে। আগামী ০৪ আগস্ট ২০২৫ তারিখ হতে ১ম সর্বনিম্ন দরদাতার সাথে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন শুরু হবে।
- কন্ট্রাক্ট প্যাকেজ **CP-05** এর প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। গত ১২ মে ২০২৫ তারিখে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন ও খসড়া চুক্তিপত্রের উপর জাইকা হতে অনাপত্তি পাওয়া গেছে। বর্তমানে ক্রয় প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াধীন আছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ **CP-06** এর দরপত্রের আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদনের উপর গত ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ জাইকা হতে **concurrency** পাওয়া গেছে। বর্তমানে ১ম সর্বনিম্ন দরদাতার সাথে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ **CP-07** এর দরপত্রসমূহ গত ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। গত ২৮ মে ২০২৫ তারিখ দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনের উপর **concurrency** এর জন্য জাইকা বরাবর প্রেরণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ **CP-08** এর গত ১৭ এপ্রিল ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে এবং বর্তমানে দরপত্রসমূহের কারিগরি প্রস্তাব মূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ **CP-09** এর দরপত্রের আর্থিক প্রস্তাব গত ২৯ জুলাই ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে আর্থিক প্রস্তাব মূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ **CP-10** এর দরপত্রের আর্থিক প্রস্তাব গত ৩০ জুন ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে আর্থিক প্রস্তাব মূল্যায়নের কাজ চলমান রয়েছে।

- কন্ট্রাক্ট প্যাকেজ CP-11 এর দরপত্র গত ০৯ জানুয়ারি ২০২৫ তারিখ আহ্বান করা হয়েছে এবং আগামী ০৯ সেপ্টেম্বর ২০২৫ দরপত্র উন্মুক্তকরণের তারিখ নির্ধারণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-12 এর দরপত্র গত ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ আহ্বান করা হয়েছে এবং আগামী ২০ অক্টোবর ২০২৫ দরপত্র উন্মুক্তকরণের তারিখ নির্ধারণ করা হয়েছে।

MRT Line-5: Northern Route

হেমায়েতপুর হতে আমিন বাজার পর্যন্ত ও নতুন বাজারের পর হতে ভাটারা পর্যন্ত ৬.৫০ কিলোমিটার উড়াল এবং আমিন বাজার হতে নতুন বাজারের ট্রানজিশন পর্যন্ত ১৩.৫০ কিলোমিটার পাতাল মোট ২০ কিলোমিটার দীর্ঘ এবং ১৪টি স্টেশন (পাতাল ৯টি ও উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর নির্মাণ কাজ গত ০৪ নভেম্বর ২০২৩ তারিখ শুরু করা হয়েছে। MRT Line-5: Northern Route এর নির্মাণ কাজ মোট ১০টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে।

প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:

Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route মোট ১০টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩১ শে জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- CP-01(হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন): ঠিকাদারী প্রতিষ্ঠানের সঙ্গে গত ২৩ মে ২০২৩ তারিখ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক বর্তমানে হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন কাজ চলমান। জুলাই ২০২৫ পর্যন্ত অগ্রগতি ৫৯.৩৭%।
- CP-02 (হেমায়েতপুর ডিপো এলাকার পূর্ত কাজ ও ভবন নির্মাণ): গত ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখ দরপত্র আহ্বান করতঃ গত ০৯ এপ্রিল ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে সম্মতির জন্য গত ১৭ জুলাই ২০২৫ তারিখ জাইকায় প্রেরণ করা হয়েছে।
- CP-03 (হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত উড়াল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। গত ২৮ আগস্ট ২০২৪ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। প্রাপ্ত দরপত্রের মূল্যায়নের উপর গত ২২ এপ্রিল ২০২৫ তারিখে জাইকার সম্মতি পাওয়া গেছে। বর্তমানে আর্থিক মূল্যায়নের কার্যক্রম চলমান রয়েছে।
- CP-04 (আমিনবাজার ট্রানজিশন হতে মিরপুর ১ পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদার প্রাকযোগ্যতা সম্পন্ন এবং উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার সম্মতি পাওয়া গেছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ০৫ মে ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে।
- CP-05 (মিরপুর ১ স্টেশনের পূর্ব হতে কচুক্ষেত পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): ঠিকাদার প্রাকযোগ্যতা সম্পন্ন এবং উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার সম্মতি পাওয়া গেছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ১৪ মে ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। গত ২৭ মার্চ ২০২৫ তারিখে অনুমোদন পেয়ে গত ০৮ এপ্রিল ২০২৫ তারিখে দরপত্র আহ্বান করা হয়েছে। আগামী ২৭ আগস্ট ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হবে।
- CP-06 (কচুক্ষেত স্টেশনের পূর্ব হতে ভাটারা ট্রানজিশন পর্যন্ত পাতাল অংশের স্টেশন ও মেইন লাইন নির্মাণ): দরপত্র দলিলে জাইকা সম্মতি প্রদান করেছে। ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। গত ০৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে গত ০৪ জুন ২০২৫ তারিখ জাইকা সম্মতি প্রদান করেছে এবং ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃকও অনুমোদিত হয়েছে। বর্তমানে আর্থিক মূল্যায়নের কার্যক্রম চলমান রয়েছে।
- CP-07 (রেলওয়ে ই এন্ড এম সিস্টেম এর ডিটেইলড ডিজাইন, উৎপাদন ও স্থাপন [সিগন্যালিং, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রিফিকেশন, পিএসডি ও ইআরএমএসসহ]): দরপত্র দলিলে সম্মতির জন্য গত ২৮ মে ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে।
- CP-08 (রোলিং স্টক ও ডিপোতে রোলিং স্টকের ইকুইপমেন্ট ডিজাইন, উৎপাদন ও স্থাপন): প্রাক-যোগ্যতার দলিলে সম্মতির জন্য গত ১১ জুলাই ২০২৩ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ০২ জুন ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে।

- CP-09 (ডিপো ও মেইন লাইনের ট্র্যাক ওয়ার্ক নির্মাণ): দরপত্র দলিলে জাইকা সম্মতি প্রদান করেছে। গত ২১ নভেম্বর ২০২৪ তারিখ দরপত্র আহবান করা হয়েছে। গত ০৬ মার্চ ২০২৫ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদন সম্মতির জন্য গত ২৮ মে ২০২৫ তারিখে জাইকাতে প্রেরণ করা হয়েছে।
- CP-10 (অটোমেটিক ফেয়ার কালেকশন [এএফসি] সিস্টেমের ডিজাইন, উৎপাদন ও স্থাপন): প্রাক-যোগ্যতার দলিলে সম্মতির জন্য গত ০৯ অক্টোবর ২০২৩ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে। দরপত্র দলিলে সম্মতির জন্য গত ২৮ এপ্রিল ২০২৪ তারিখ জাইকাতে প্রেরণ করা হয়েছে।

হোমোয়েতপুর হতে ভাটারা পর্যন্ত মেইন লাইন ও স্টেশনসমূহের জন্য প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণের কার্যক্রম বিভিন্ন পর্যায়ে চলমান রয়েছে। এছাড়াও বিভিন্ন সরকারি/আধাসরকারি সংস্থা হতে এমআরটি স্টেশনের Entry/Exit এর জন্য জমি হস্তান্তর প্রক্রিয়াধীন।

MRT Line-5: Southern Route

২০৩০ সালের মধ্যে গাবতলী থেকে আফতাব নগর পশ্চিম পর্যন্ত ১৩.১০ কিলোমিটার পাতাল এবং আফতাব নগর সেন্টার থেকে দাশেরকান্দি পর্যন্ত ৪.১০ কিলোমিটার উড়াল মোট ১৭.২০ কিলোমিটার দীর্ঘ এবং ১৫টি স্টেশন (পাতাল ১১টি এবং উড়াল ৪টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Feasibility Study ও Engineering Design সম্পন্ন হয়েছে। Feasibility Study ও Engineering Design এর ভিত্তিতে প্রণীত বিনিয়োগ প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে। বর্তমানে প্রকল্পের Procurement Document Preparation এর কাজ চলমান আছে।

MRT Line -2

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) কর্তৃক Updating of the Revised Strategic Transport Plan (URSTP)-এর Final Report এর Maximum Transport Network Development Scenario অনুযায়ী MRT Line-2 এর প্রস্তাবিত Alignment হলো: গাবতলী-ঢাকা উদ্যান-বসিলা মোড়-মোহাম্মদপুর বিআরটিসি বাসস্ট্যান্ড-ঝিগাতলা-সাইপল্যাব-নিউমার্কেট-আজিমপুর-লালবাগ-চকবাজার-মিটফোর্ড-নয়াবাজার-খোলাইখাল-দয়াগঞ্জ-কাজলা-ডেমরা-তারাবো বাসস্ট্যান্ড এবং দৈর্ঘ্য প্রায় ২৩.৫০ কিলোমিটার। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নির্দেশনা অনুযায়ী এবং প্রস্তাবিত Alignment এর উপর ভিত্তি করে MRT Line-2 এর PDPP প্রস্তুত করে গত ২২ জুলাই ২০২৫ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়াও বিশ্বব্যাংকের অনুদানে MRT Line-2 এর Preparatory Project Preparation এবং DMTCL এর Institutional Strengthening এর লক্ষ্যে পরিকল্পনা কমিশনের অনুমোদনের জন্য MRT Line-2 শীর্ষক প্রকল্পের TAPP প্রস্তুত করে গত ৩১ জুলাই ২০২৫ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।

MRT Line-4

২০৩০ সালের মধ্যে কমলাপুর থেকে নারায়ণগঞ্জ জেলার মদনপুর পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-4 নির্মাণের নিমিত্ত Feasibility Study করার জন্য উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক গত ১৪ মে ২০২৪ তারিখ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ দেয়া হয়েছে। বর্তমানে Feasibility Study এর কাজ চলমান আছে। জুলাই ২০২৫ পর্যন্ত অগ্রগতি ৬৫.০০%।